

রাবিতে ২৫ পদে ৫৩ শিক্ষক নিয়োগ

রাজশাহী অফিস

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) আবহাওয়া বিভাগে পদের বিপরীতে অধিকসংখ্যক শিক্ষক নিয়োগ দেয়া হয়েছে। বৃহস্পতিবার রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে ২৫টি পদের বিপরীতে ৫৩ জন শিক্ষক নিয়োগ দেয়া হয়। এ নিয়ে গত ১১ মাসে রাবি প্রশাসন ১৭৮ জন শিক্ষকের নিয়োগ চূড়ান্ত করেছে। অভিযোগ উঠেছে অনেক ক্ষেত্রেই দলীয় প্রার্থীদের প্রধান্য দেয়া হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রভাবশালী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও স্থানীয় আওয়ামী লীগ মুকলীগের নেতাকর্মীদের নিয়োগের কোনো কোনো ক্ষেত্রে নিয়ন্ত্রণ করছে বলে অভিযোগ রয়েছে। এক্ষেত্রে বিপুল অর্থ ব্যয়িত হলেও হলেও গুণন রয়েছে। তবে সরাবরই বিশ্ববিদ্যালয়ে প্রশাসন এসব অভিযোগ অস্বীকার করে বলেছে। তারা নিয়মতান্ত্রিকভাবেই নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত করেছেন। অনিয়মের আশ্রয় নেয়া হচ্ছে না। জানা গেছে, বৃহস্পতিবার অনুষ্ঠিত ৪২৯তম সিন্ডিকেটে সাতটি বিভাগে

ওই ৫৩ জন শিক্ষকের নিয়োগ চূড়ান্ত করা হয়। এর মধ্যে ফরাসি পদার্থ বিজ্ঞান বিভাগে চারটি পদের বিপরীতে নয়জন, ইনফরমেশন সায়েন্স অ্যান্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগে চারটি পদের বিপরীতে সাতজন, শিক্ষক : পৃষ্ঠা ১৫ কলাম ৭

শিক্ষক : রাবিতে

(শেষ পৃষ্ঠার পর)

গণিত বিভাগে তিনটি পদের বিপরীতে নয়জন, মাটেরিয়াল সায়েন্স বিভাগে চারটি পদের বিপরীতে পাঁচজন, পপুলেশন সায়েন্স বিভাগে তিনটি পদের বিপরীতে সাতজন, ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগে দুইটি পদের বিপরীতে পাঁচজন ও রসায়ন বিভাগে পাঁচটি পদের বিপরীতে ১১ জনকে নিয়োগ দেয়া হয়। এর আগে বর্তমান প্রশাসন রাবির ৪৭টি বিভাগে তিন শতাধিক শিক্ষক নিয়োগ প্রক্রিয়ার প্রথম ও দ্বিতীয় ধাপে ২৫ অক্টোবর অনুষ্ঠিত ৪২৭তম সিন্ডিকেটে নয়টি বিভাগে ৫১ জন ও ৩১ ডিসেম্বর ৪২৮ তম সিন্ডিকেটে ১০ বিভাগে ৭৪ জন শিক্ষক নিয়োগ চূড়ান্ত করে। অন্যদিকে অনুষ্ঠিত ওই সিন্ডিকেটে দীর্ঘদিন ধরে কুলে থাকা অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত বেশ কিছু শিক্ষকের নিয়োগ এখনো স্থায়ী হয়নি বলে অভিযোগ করেছে বঙ্গবন্ধু। রাবির রেজিস্ট্রার ও সিন্ডিকেটের সদস্য সচিব প্রফেসর এম এ বাবী বিজ্ঞাপনের স্বিগুণ হারে শিক্ষক নিয়োগ দেয়ার ব্যাপারে বলেন, বিজ্ঞাপন প্রকাশ করে এবং প্র্যানিং কমিটির সিদ্ধান্ত অনুসারেই এসব নিয়োগ হয়েছে। কোনো ধরনের অনিয়ম করা হয়নি বলে তিনি দাবি করেন।